

## The Federation of Bangladesh Chambers of Commerce and Industry

তারিখঃ ২৬ সেপ্টেম্বর ২০২১

এফবিসিসিআই/জিএডি/১৯৫

সভাপতি/চেয়ারম্যান,

সকল সদস্য সংগঠন, এফবিসিসিআই

বিষয়ঃ- কলকারখানা, শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানের দুর্ঘটনা রোধ এবং নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণের জন্য বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর নেতৃত্বে সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ টিমে প্রতিনিধি মনোনয়ন।

মহোদয়,

উল্লিখিত বিষয়ে অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, কলকারখানা ও শিল্প প্রতিষ্ঠানসমূহে অগ্নি দুর্ঘটনা ও অন্যান্য দুর্ঘটনা রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত অনুশাসন প্রদান করেছেন।

ক) বিডা এর নেতৃত্বে এফবিসিসিআই, বিজিএমইএসহ সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি কর্তৃপক্ষের সমন্বয়ে অবিলম্বে সকল শিল্প কলকারখানা সরেজমিন পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

খ) এ সকল পরিদর্শনের আলোকে শিল্প কলকারখানাসমূহের আবকাঠামোগত এবং অগ্নি দুর্ঘটনা ও অন্যান্য দুর্ঘটনা নিরোধের বিদ্যমান অবস্থা পর্যালোচনা এবং করণীয় নির্ধারণের প্রয়োজনীয় সুপারিশ প্রণয়নের জন্য বিডা সুনির্দিষ্ট দ্বায়িত্ব পালন করবে;

এই প্রেক্ষাপটে বিডা কর্তৃক সকল জেলায় ১টি করে এবং অতিরিক্ত হিসাবে ঢাকায় ১৫টি, নারায়ণগঞ্জ ৯টি, গাজীপুর ৩টি, চট্টগ্রাম ১১টি ও কুমিল্লা ১টি টিমের সমন্বয়ে মোট ১০৮টি পরিদর্শন টিম গঠন করা হয়েছে।

উক্ত পরিকল্পনা বাস্তবায়নকল্পে প্রতিটি টিমে এফবিসিসিআই এর প্রতিনিধি হিসাবে জেলা ভিত্তিক সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ টিমে আপনার চেম্বার/এসোসিয়েশন এর অধিক্ষেত্র হতে নিম্নবর্ণিত ছকে প্রতিনিধি মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ক্রমিক নং	টিম নং	প্রতিনিধির পদবি	নাম ও	সংগঠনের নাম	কমিটিতে অবস্থান	মোবাইল নাম্বার ও ইমেইল	অধিক্ষেত্রে কারখানার সংখ্যা	মোট কারখানার সংখ্যা
১	২	৩	৪	৫	৬	৭	৮	

এ অবস্থায় আগামী ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে আপনার চেম্বার/এসোসিয়েশন হতে উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন দেওয়ার জন্য সর্বিনয়ে অনুরোধ করা গেল।

বিষয়টি অত্যন্ত জরুরী ও গুরুত্বপূর্ণ।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

  
২৬/৯/২০২১  
মোহাম্মদ মাহফুজুল হক  
প্রধান নির্বাহী কর্মকর্তা